বাগেরহাটের মোজাম্মেল হোসেন স্মরণ সভায় কাঁদলেন নেতাকর্মীরা

সূদীর্ঘ ৪১ বছর ধরে বাগেরহাট জেলা আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করে আসা সদ্য প্রয়াত এমপি ডা. মোজাম্মেল হোসেনের অবদানের কথা কৃতজ্ঞতা চিত্তে স্মরণ করে কাঁদলেন নেতা-কর্মীরা। দলে তার অভাব সহজেই পূরণ হবার নয় বলে উল্লেখ করেন তারা। এই জননেতা বাগেরহাট ১ ও ৪ আসন থেকে পাঁচ বারের নির্বাচিত সংসদ সদস্য এবং একবার প্রতিমন্ত্রী হিসেবে দেশ ও এলাকার উন্নয়নে অভুতপুর্ব উন্নয়ন সাধিত করেন। রবিবার দুপুরে বাগেরহাট শহরের শালতলা এলাকায় জেলা পরিষদ অডিটরিয়ামে জেলা আওয়ামী লীগ ও তার সহযোগী সংগঠনের আয়োজনে ডা. মোজাম্মেল হোসেনের স্মরণসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন, খুলনা সিটি মেয়র তালুকদার আব্দুল খালেক।

বাগেরহাট জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জেলা পরিষদ চেয়ারম্যান শেখ কামরুজ্জামান টুকুর সভাপতিত্বে স্মরণসভায় অন্যানের মধ্যে বক্তব্য রাখেন, প্রয়াত ডা. মোজাম্মেল হোসেনের ছেলে খুলনা বিশ^বিদ্যালয়ের অধ্যাপক ড. মাহমুদ হোসেন বিপলু, জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ফকির মো. মুনছুর আলী, বাগেরহাট ২ আসনের সাবেক সংসদ সদস্য মীর শওকাত আলী বাদশা, জেলা আওয়ামী লীগের যুগ্ন সম্পাদক খান হাবিবুর রহমান, আওয়ামী লীগ নেতা সরদার আব্দুল জলিল, কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সভাপতি এইচ এম বদিউজ্জামান সোহাগ, অধ্যাপক আব্দুর রউফ, ফিরোজুল ইসলাম প্রমুখ।

জেলা আওয়ামী লীগের দীর্ঘ দিনের এই সভাপতির স্মরণ সভা শেষে তার আতœ◌ার মাগফিরাত কামনায় দোয়া মাহফিল ও তবারক বিতরণ করা হয়। স্মরণসভা ও দোয়ার অনুষ্ঠানে আওয়ামী লীগ ও তার অঙ্গ সহযোগী সংগঠনের বিপুল সংখক নেতাকর্মী উপস্থিত ছিলেন।